

প্রাথমিক বিদ্যালয় দেখভালের দায়িত্ব অভিভাবকেরও : গণশিক্ষা উপদেষ্টা

নিম্নর প্রতিবেদক

২৯ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের মন্ত্র



সরকারি প্রাথমিক বিদ্যালয় দেখভাল করা অভিভাবকদেরও দায়িত্ব বলে মন্তব্য করেছেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার।

অভিভাবকদের উদ্দেশে প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা বলেন, এ স্কুলগুলো আপনাদের কমিউনিটির সম্পদ। তাই এগুলো দেখভাল করে রাখার দায়িত্ব আপনাদেরও। স্কুলের পরিবেশ যেন ভালো থাকে এবং স্কুলগুলো ভালোমতো চলতে পারে, সেজন্য আপনাদের সহযোগিতা সবচেয়ে বেশি প্রয়োজন।

গতকাল সোমবার বিকালে আটটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর মোহাম্মদপুরে তাজমহল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। 'চাকা মহানগর ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দনকরণ প্রকল্প'-এর আওতায় প্রাথমিক বিদ্যালয়গুলোর নতুন ভবন উদ্বোধন করা হয়।

ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার বলেন- আমি আশা করব, শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকরা যথাযথ দায়িত্ব পালন করবেন। কারণ, প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে অভিভাবকদের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু নূর মো. শামসুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আবু তাহের মো. মাসুদ রানা।